RNI No. 71057/96

Bengali fortnightly newspaper

পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

www.facebook.com/purbottar
www.purbottar.in

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, মৌলিক রচনা আমাদের contact@purbottar.in –এ ই-মেইল অথবা, 7547930235 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273453

বর্ষ: ২৬, সংখ্যা: ২৫, কোচবিহার, শুক্রবার, ১৬ ডিসেম্বর - ২৯ ডিসেম্বর, ২০২২, পৃষ্ঠা সংখ্যা: ৮ Vol: 26, Issue: 25, Cooch Behar, Friday, 16 December-29 December, 2022, Pages: 8, **Rs. 3**

বিতর্কের অবসান জেলা বইমেলা হচ্ছে দিনহাটাতেই

পার্থ নিয়োগী: অবশেষে সব বিতর্কের অবসান হল। এবারের কোচবিহার জেলা বইমেলা হচ্ছে দিনহাটায়। গত ২৯ নভেম্বর জেলাশাসকের দপ্তরে লোকাল লাইব্রেরি অথরিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বাম আমলের মাঝের কয়েক বছর ছাড়া বেশিরভাগ সময়ই কোচবিহার শহরের রাসমেলা ময়দানেই বইমেলা হয়ে আসছে। এবার অবশ্য সেই ট্র্যাডিশনে ছেদ পড়ল। উল্লেখ প্রতিবছর জেলার লোকাল লাইব্রেরি অথরিটির বৈঠকে ঠিক হয় জেলার কোথায় বইমেলা হবে। অথচ এবছর এই বৈঠকের কিছুদিন আগেই উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ তার ফেসবুকে লেখেন এবারের বইমেলা দিনহাটায় হচ্ছে। আর তার জন্য তিনি মুখ্যমন্ত্রী ও গ্রন্থাগারমন্ত্রীকে ধন্যবাদ জানান। আর তার এই পোস্ট দেখার পর থেকেই জেলায় বইমেলা নিয়ে গুঞ্জন ওঠে। কোচবিহারের অনেক লেখকেরাও এই নিয়ে সরব হন। তাদের অভিযোগ কোচবিহার যেখানে জেলা সদর ফলে জেলার প্রতিটি প্রান্ত থেকে এখানকার যাতায়াতের সুবিধা আছে। ফলে বইমেলা যোগাযোগ ব্যবস্থার জন্যই কোচবিহার শহরেই হোক। কোচবিহার রাসমেলার মাঠে বইমেলা না হওয়া নিয়ে ক্ষোভ প্রকাশ করেছিলেন কোচবিহারের পুরপতি রবীন্দ্রনাথ ঘোষ। রাসমেলার মাঠে বইমেলা করার পক্ষে সওয়াল করার পাশাপাশি এই নিয়ে মুখ্যমন্ত্রীকেও চিঠি লিখবেন বলে তিনি জানিয়েছিলেন। এর ফলে কোচবিহারে বইমেলা হওয়া নিয়ে একটা হালকা আশার আলো দেখেছিল কোচবিহার শহরের মানুষ। কিন্তু গত ২৯ নভেম্বর জেলাশাসকের দপ্তরে জেলা লোকাল লাইব্রেরি অথরিটির বৈঠকের শেষে কোচবিহার শহরের মানুষদের সেই আশা শেষ হয়ে যায়। বৈঠক শেষে জানান হয় এবারের বইমেলা ২৭ ডিসেম্বর থেকে ২ জানুয়ারি হবে দিনহাটার সংহতি ময়দানে। যদিও সূত্রের খবর এই বৈঠকের দুদিন আগে রাজ্যের তরফে একটি নির্দেশ আসে যেখানে বলা হয় এবারের কোচবিহার জেলা বইমেলা দিনহাটাতেই করতে হবে। এবারের বইমেলা নিয়ে লোকাল লাইব্রেরি অথরিটির ক্ষমতা খর্ব করা নিয়ে ক্ষোভ বিক্ষোভ থাকলেও কোন সদস্যই এনিয়ে মুখ খোলেননি রাজ্যের তরফে আসা নির্দেশিকার জন্য। এদিনের বৈঠকে বিধায়ক জগদীশ বর্মাবসুনিয়া ও পরেশচন্দ্র অধিকারী উপস্থিত না থাকায় গুঞ্জনের সৃষ্টি হয়। তবে

দিনহাটায় বইমেলা স্থল পরিদর্শনে উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ

বিতর্ক, ক্ষোভ, গুঞ্জন যাই থাকুক না কেন এদিনের বৈঠকে বইমেলা সংক্রান্ত অনেক সিদ্ধান্ত নেওয়া হয়। জানা গেছে এই বইমেলা থেকে বই কেনার জন্য জেলার গ্রামীণ লাইব্রেরিগুলি ১০ হাজার টাকা পাবে। টাউন লাইব্রেরিগুলি পাবে ১৩ হাজার টাকা। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় গ্রন্থাগারকে দেওয়া হবে ৩৫ হাজার টাকা। একইসাথে অতিরিক্ত ১০ লক্ষ টাকা মেলা থেকে বই কেনার জন্য তুলে দেবার চেষ্টা হচ্ছে বলে জানাগেছে।

রাজ্য কলা উৎসবে কোচবিহার জেলার জয়কার



কোচবিহার: রাজ্য কলা উৎসব প্রতিযোগিতায় জয়কার কোচবিহার জেলার। দুইদিন ধরে কলকাতায় অনুষ্ঠিত রাজ্য কলা উৎসব প্রতিযোগিতায় কোচবিহার জেলার চার স্কুল পড়ুয়া জাতীয় স্তরে প্রতিযোগিতায় অংশ নেওয়ার সুযোগ পেয়েছে। এর মধ্যে দুইজন আবার রাজ্যস্তরের প্রতিযোগিতায় প্রথম হয়েছে। এই প্রথম স্থানাধকারী দুইজন হল সুনীতি অ্যাকাডেমির ছাত্রী প্রিয়াংকা ঘোষ ও দিনহাটা হাইস্কুলের ছাত্র দীপশেখর বর্মণ।

ইনস্ট্রুমেন্ট মিউজিক্যাল বিভাগে দোতারা বাজিয়ে রাজ্যে প্রথম হয়েছেন প্রিয়াংকা। আর লোকসঙ্গীত বিভাগে রাজ্যে প্রথম হয়েছেন দীপশেখর। বাকি দুইজন হল বাণেশ্বর গার্লস হাইস্কুলের জিনিতা ঝা ও দিনহাটা পুঁটিমারি হাইস্কুলের প্রীতি দেববর্মা। টুলস এন্ড টয়েজ তৈরি বিভাগে রাজ্যে দ্বিতীয় হয়েছে জিনিতা। আর মেয়েদের লোকনৃত্য বিভাগে রাজ্যে তৃতীয় হয়েছে প্রীতি। ডিসেম্বরের শেষ সপ্তাহে ভুবনেশ্বরে আয়োজিত জাতীয় স্তরের প্রতিযোগিতায় রাজ্যের হয়ে প্রতিনিধিত্ব করবে এই চারজন।

মাস দুয়েক আগে কোচবিহারের এবিএনশীল কলেজে জেলা স্তরের কলা উৎসবের জেলা স্তরের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সেখানে বিভিন্ন বিভাগে ভালো ফল করে ১৪ জন ছাত্রছাত্রী রাজ্য কলা উৎসব প্রতিযোগিতায় সুযোগ পেয়েছিলেন। ১ ডিসেম্বর সন্ধ্যায় সে ইপ্রতিযোগিতার ফলাফল ঘোষণা করা হয়। সেই সাফল্যের খবর কোচবিহারে আসতেই উচ্ছসিত হয়ে ওঠেন স্কুলের পড়ুয়া ও শিক্ষিকারা।

অতিরিক্ত জেলাশাসক রবিরঞ্জন বলেন, কোচবিহারের এতজন জাতীয় স্তরের প্রতিযোগিতায় সুযোগ পাওয়ায় আমরা গর্বিত। আমি ওদের সকলকে শুভকামনা জানাচ্ছি।

পরীক্ষাকেন্দ্রে প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি

বিশেষ সংবাদদাতা: পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি অধ্যাপক ড. গৌতম পাল নিজেই ছয়টি পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়েছিলেন এদিন টেট পরীক্ষা সফল করতে। নির্বিঘ্নে পরীক্ষা সফল করতে তিনি কড়া নির্দেশ দিয়েছিলেন প্রশাসনকে। ছয়টি জেলায় নেট কানেকশনও বন্ধ রাখতে বলেছিলেন। এদিন প্রেসের সামনে তিনি ধন্যবাদ জানিয়েছেন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী শ্রী ব্রাত্য বসুকে। এছাড়াও তিনি ধন্যবাদ জানিয়েছেন, টেট পরীক্ষা সমূহের সঙ্গে যুক্ত সকল সদস্যকেই।

প্রাথমিক শিক্ষা পর্ষদের দায়িত্ব নিয়েই টেট পরীক্ষা সফল করতে তিনি দৃঢ় সংকল্প বাস্তবায়িত করলেন। রাজ্য সরকারের মুখ উজ্জ্বল করলেন প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি অধ্যাপক ড. গৌতম পাল।

রবিবার প্রাথমিকের টেট পরীক্ষা সম্পন্ন হয়েছে নির্বিঘ্নে। রাজ্যজুড়ে প্রায় ৭ লক্ষ পরীক্ষার্থী পরীক্ষা দিলেন। পরীক্ষা ঘিরে আঁটোসাঁটো ব্যবস্থার আয়োজন করেছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। পরীক্ষা ঘিরে যেকোনও প্রকার অনভিপ্রেত ঘটনা এড়াতে সচেষ্ট ছিল রাজ্য সরকার। পরীক্ষা নির্বিঘ্নে এবং ভালোভাবেই সম্পন্ন হয়েছে মানুষ মন জয় করেছে প্রাথমিক শিক্ষা পর্ষদ।

টেট পরীক্ষা হয়েছে গণ উৎসবের মতো বললেন ব্রাত্য

বিশেষ সংবাদদাতা: রবিবার সাংবাদিক বৈঠকে টেট পরীক্ষা হয়েছে একটা গণ উৎসবের মতো, এমনই দাবি করলেন রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী শ্রী ব্রাত্য বসু। তিনি বললেন, "টেট ভালোভাবেই সম্পন্ন হয়েছে। একটা 'ধারণা' তৈরি করার চেষ্টা করা হয়েছিল আমাদের দফতর নিয়ে। আশা করি আজকের এই পরীক্ষা একটা বার্তা দেবে তাদের জন্য। শুধু তাই নয় সাধারণ মানুষ ও পরীক্ষার্থীদের জন্যও ইতিবাচক বার্তা দেবে আজকের পরীক্ষা।"

উচ্চশিক্ষামন্ত্রী আরও বললেন, "এটা একটা গণ উৎসবের মত হয়েছে। একটা দল চেষ্টা চালাচ্ছিল যাতে আমাদের পরীক্ষা বানচাল হয়। একদল সত্যি চেষ্টা করেছিল। কিন্তু যে ভাবে পরীক্ষা সংগঠিত হয়েছে তাতে তাদের কাছেও বার্তা পৌঁছবে বলেই দাবি করলেন, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। একইসঙ্গে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর দাবি খারিজ করে দিলেন শ্রী বসু। তিনি বললেন, "কোনও প্রশ্ন ফাঁস হয়নি, কোনও প্রশ্নপত্র লিক হয়নি।.... সবাই হয়তো চাকরি পাবেন না। এটা আজ আমাদের একটা প্রাথমিক পদক্ষেপ হল। নিয়োগের ব্যাপারে আদালতের হস্তক্ষেপে আমরা যাবতীয় সিদ্ধান্ত নেব।

প্রাথমিকের টেটকে নির্বিঘ্নে পরিচালনা করার জন্য একাধিক পদক্ষেপ নিয়েছিল পর্ষদ সভাপতি অধ্যাপক ড. গৌতম পাল। বায়োমেট্রিক অ্যাটেনডেন্স, মেটাল ডিটেক্টর, ফ্রিস্কিং সহ করা নিরাপত্তার ব্যবস্থা করেছিল পর্ষদ। প্রায় ৭ লক্ষ পরীক্ষার্থী আবেদন করেছিলেন এই পরীক্ষার জন্য। শেষপর্যন্ত ভালো ভাবেই সম্পন্ন হল।

রবিবার উচ্চশিক্ষামন্ত্রী জানিয়েছেন, 'মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার যাতে সুষ্ঠুভাবে টেট নিতে না পারে, পরীক্ষা বানচাল করা যায়, তার অনেক চেষ্টা করা হয়েছিল। কিন্তু কড়াহাতে পর্ষদ সেই বিপত্তি এড়িয়ে পরীক্ষা নিল। যা সফল। প্রশ্নপত্র ফাঁস হওয়ার বিষয়টি মিথ্যে বলেই জানিয়েছেন। তিনি জানিয়েছেন, কোথাও প্রশ্নপত্র ফাঁস হয়নি। মুখ্যমন্ত্রী গোটা বিষয়টিতে নজর রাখছেন। একটি ভুয়ো প্রশ্ন ঘুরছিল, কার প্ররোচনায় জানি না। এটি প্রমাণিত হয়েছে, সম্পূর্ণ ভুয়ো প্রশ্ন। নানান ভাবে পরীক্ষাকে বানচাল করার চেষ্টা হয়েছে। পরীক্ষাকে পিছিয়ে দেওয়ার, ভেস্তে দেওয়ার চেষ্টা হয়েছে। সেগুলিকে অতিক্রম করে প্রাথমিক শিক্ষা পর্ষদ খুব সুষ্ঠুভাবে পরীক্ষা নিতে পেরেছে, এটি খুব আশাব্যাঞ্জক।'

প্রাচীণত্বের ভিত্তিতে বড়িশার হেরিটেজ স্বীকৃতিকে চ্যালেঞ্জ বড়দেবীর

কোচবিহার: কলকাতার দুর্গাপুজো ইউনেসকোর হেরিটেজ স্বীকৃতি পেয়েছে। তার ভিত্তি ছিল বড়িশার জমিদার সাবর্ণ রায় চৌধুরীদের বাড়ির চারশো বছরেরও বেশি পুরানো দুর্গাপুজো। তবে রাজ্যের প্রাচীনতম তকমা কী এবার আসতে চলেছে কোচবিহারের দেবী বাড়িতে। নাটাবাড়ির বিধায়ক বিধায়ক মিহির গোস্বামীর চিঠি ও তার জবাবে কেন্দ্রীয় সরকারের পদক্ষেপকে কেন্দ্র করে এই আশায় বুক বেঁধেছেন কোচবিহারের মানুষ।

মিহিরবাবুর দাবি ছিল, কোচবিহারের মহারাজা বিশ্বসিংহ প্রবর্তিত ৪৮৮ বছরের প্রাচীন দেবী বাড়ির দুর্গাপুজোই বাংলার প্রাচীনতম দুর্গাপুজো এই বিষয়ের ওপর ভিত্তি করেই ইউনেসকোর স্বীকৃতিদানের কেন্দ্রীয় সরকারকে উদ্যোগ নীতে আবেদন করেছিলেন কোচবিহার নাটাবাড়ি বিধানসভা কেন্দ্রের বিধায়ক মিহিরবাবু। গত ৯ সেপ্টেম্বর কেন্দ্রীয় সংস্কৃতি, পর্যটন ও উত্তর-পূর্বাঞ্চলীয় উন্নয়ন মন্ত্রী জি কৃষ্ণ রেড্ডিকে চিঠি লিখেছিলেন মিহিরবাবু। বিষয়টি খতিয়ে দেখতে কেন্দ্রীয় সংস্কৃতিমন্ত্রক দায়িত্ব দিয়েছে সঙ্গীত নাটক

অ্যাকাডেমির ওপর। মন্ত্রী জি কৃষ্ণ রেড্ডিকে নাটাবাড়ির বিধায়ককে চিঠি লিখে এই জানিয়েছেন।

মন্ত্রী জি কৃষ্ণ রেড্ডিকে লেখা ঐ চিঠিতে তথ্য প্রমাণ উল্লেখ করে মিহিরবাবু জানিয়েছিলেন বড়িশার ঐ দুর্গাপুজোর ৭৭ বছর আগে থেকে কোচবিহারের মহারাজাদের প্রবর্তিত দেবিবাড়ীর বড়দেবীর পুজো অনুষ্ঠিত হয়ে আসছে। বড়িশার ঐ পুজো শুরু হয় ১৬১০ সালে। আর এই নিয়েই শুরু হয়েছে বিতর্ক। কারণ কোচবিহারের রাজ পরিবারে গুরুত্বপূর্ণ সদস্য থেকে শুরু করে জেলার বিভিন্ন সংগঠনের দাবি বড়িশা নয় কোচবিহারের বড় দেবীর পুজোই রাজ্য তথা বিশ্বের অন্যতম পুরানো দুর্গা পুজো। কারণ এই পুজো শুরু হয়েছে কোচবিহারের মহারাজা বিশ্বসিংহের আমলে ১৫৩৩ সালে। রাজ আমলের অবসানের পর বর্তমানে এই পুজো কোচবিহারের দেবত্র ট্রাস্ট পরিচালনা করে আসছে। যার সভাপতি খোদ কোচবিহারের জেলাশাসক। রাজ আমলের তুলনায় কিছুটা কম হলেও নিয়ম ও আচার-অনুষ্ঠান এখনও সেই রাজ আমলের রীতিনীতি মেনেই হয়। বড়দেবীর প্রতি কোচবিহারবাসীর বিশ্বাস এতটাই যে, এখনও কোচবিহারের প্রবীণদের একাংশ বড়দেবীর মুখ না দেখে অন্য দেবী দর্শন করেন না। মিহিরবাবু বলেন, রাজ্য গুরুত্ব না দিলেও উত্তরের ঐতিহ্য নিয়ে কেন্দ্র ভাবছে।

গাড়ির চাকা ফেটে দুর্ঘটনায় জখম ৩

বিশেষ সংবাদদাতা: গত ৮ ডিসেম্বর পুন্ডিবাড়ি-ফালাকাটা জাতীয় সড়কে চৈতন্যেরহাট এলাকায় শিলিগুড়ি থেকে তুফানগঞ্জগামী উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের একটি বাসের চাকা হটাৎ করে ফেটে যায়। এতে চালক গাড়ির নিয়ন্ত্রণ হারান। ঠিক সেসময় উল্টো দিক থেকে একটি বাইক আসছিল। নিয়ন্ত্রণহীন বাসটি বাইকটিকে ধাক্কা মারে। বাসের ধাক্কা খেয়ে বাইকটি ছিটকে গিয়ে একটি সাইকেলে ধাক্কামারে। এতে বাইকে থাকা দুইজন সহ ঐ সাইকেল আরোহী জখম হন। স্থানীয় বাসিন্দা ও পুলিশের সহযোগিতায় আহতদের উদ্ধার করে কোচবিহারে এমজেএন মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। দুই বাইক আরোহীর নাম সুব্রত সরকার ও জিতেন্দ্রমোহন সাহা। সাইকেল আরোহীর নাম সুজয় পাল। আহত তিনজনের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের শিলিগুড়ির এক বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। ঘোকসাডাংগা থানা দুর্ঘটনাগ্রস্থ সরকারি বাসটি এবং বাইকটি হেপাজতে নিয়ে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

প্রতিবন্ধী দিবসে অনন্য উদ্যোগ সুফলের

পার্থ নিয়োগী: ভেষজ উদ্ভিদের চাষ নিয়ে অসাধারন কাজ করছে কোচবিহারের স্বেচ্ছাসেবী সংস্থা সুফল (স্টেপ আপ ফাউন্ডেশন ফর অল)। গত ৩ ডিসেম্বর বিশ্ব প্রতিবন্ধী দিবস উপলক্ষে তারা এক অনন্য নজির স্থাপন করলেন। প্রতিবন্ধীদের স্বনির্ভর করার লক্ষে তাদের তরফে নেওয়া হল উদ্যোগ। ভেষজ উদ্ভিদ চাষ ও তার প্রশিক্ষনের মধ্যে দিয়ে প্রতিবন্ধীদের এক নতুন দিশা দেখাবার কাজ তারা শুরু করল। সংস্থার সভাপতি মিঠুন সাহা বলেন "প্রতিবন্ধীদের আয়ের সুযোগ করে দেবার জন্য বিশ্ব প্রতিবন্ধী দিবসের দিন থেকে আমরা উৎসাহী দুই প্রতিবন্ধী ব্যাক্তির হাতে ভেষজ উদ্ভিদের চাঁড়া তুলে দিলাম এবং তাদের আমরা প্রশিক্ষণও দেবো। আপাদত এই দুজনকে দিয়ে পাইলট প্রজেক্ট হিসেবে তারা এই কাজ শুরু করলেন। কিন্তু আগামীতে সুফলের তরফে কোচবিহার জেলার বিভিন্ন প্রান্তের প্রতিবন্ধীদের দিয়ে ভেষজ উদ্ভিদ চাষের ব্যবস্থা করে তাদের কর্মসংস্থানের ব্যাপারে উদ্যোগ নেবেন।"

মানবিকতার পরিচয় দিলেন হিপ্পি

পার্থ নিয়োগী: বরাবর অসহায় মানুষের পাশে দাঁড়ান কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের বর্তমান সভাপতি অভিজিৎ দে ভৌমিক (হিপ্পি)। তার অন্যথা এবারও হলো না। তার ১৬ নম্বর ওয়ার্ডে এক অসুস্থ ব্যক্তিকে চিকিৎসার জন্য শিলিগুড়িতে রেফার করা হলেও। তার পরিবারের তরফে সেই ব্যক্তিটিকে নিয়ে যাওয়া হয়নি আর্থিক কারনে। সেই শুনে নিজেই সেই বাড়িতে উপস্থিত হলেন হিপ্পি। সবকিছু শুনে নিজেই শিলিগুড়িতে পাঠাবার ব্যবস্থা করে দিলেন সেই রোগীকে। নিজেহাতে এম্বুলেন্সে রোগীকে উঠিয়ে দিতে দেখা যায় তাকে। এই প্রসঙ্গে হিপ্পি জানান আমি ১৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর। স্বাভাবিক ভাবে এখানকার মানুষের প্রতি আমার একটা দায়বদ্ধতা আছে। তাই অসহায় এই ব্যক্তিটির কথা শুনে আমি তার ওখানে যাই এবং তাকে চিকিৎসা জন্য শিলিগুড়িতে পাঠানোর ব্যবস্থা করি কারণ এটাই আমার কর্তব্য। স্থানীয় কাউন্সিলর হিপ্পির এই মানবিক ভূমিকা দেখে ওয়ার্ডবাসিও খুব খুশি।

মাইক্রোসফটের বার্ষিক পুরস্কারে ভূষিত অভিষেক

আলিপুরদুয়ার: আরও একবার বিশ্বের মানচিত্রে উজ্জল হল আলিপুরদুয়ারের নাম। মাইক্রোসফট থেকে মোস্ট ভ্যালুয়েবেল প্রফেশনাল অ্যাওয়ার্ড পেলেন আলিপুরদুয়ারের ছেলে অভিষেক চৌধুরী। আজুর ভার্চুয়াল ডেস্কটপ উইন্ডোজ ৩৬৫-র ক্ষেত্রে অবদানের জন্য অভিষেক এন্টারপ্রাইজ মোবালিটি বিভাগে এই অ্যাওয়ার্ড পেয়েছেন। এছাড়া এই বিষয়ের ওপর লেখা অভিষেকের কিছু ব্লগও গুগলের সব থেকে বেশি রেটিং পাওয়া ব্লগ গুলির মধ্যে অন্যতম।

একথায় এই পুরস্কারের বিশ্লেষণ করলে বলা যায় মাইক্রোসফট কোম্পানি থেকে দেওয়া এটি একটি বার্ষিক পুরস্কার। যা বিশ্বব্যাপী প্রযুক্তি বিশেষজ্ঞদের স্বীকৃতি দেয়। ভারত থেকে এই বছর পাঁচজন এই পুরস্কার পেয়েছেন। এই বছর ফেব্রুয়রি মাসে আবার সিট্রিক টেকনলজি অ্যাডভোকেট অ্যাওয়ার্ডও পেয়েছিলেন অভিষেক। এক বছরে বিশ্বের শীর্ষ দুই বৃহত্তম ডেস্কটপ ভার্চুলাইজেশন প্রদানকারী সংস্থা থেকে দুটো পুরস্কার পাওয়ার নজীর খুব কমই রয়েছে গোটা দেশে।

বছর ৪২-এর অভিষেক চৌধুরী বর্তমানে ভারতের একটি তথ্য প্রযুক্তি সংস্থায় ভার্চুলাইজেশন প্রাকটিসের গ্লোবাল হেড হিসেবে নয়ডায় কর্মরত রয়েছেন। অভিষেক ছোটবেলায় আলিপুরদুয়ারের কলকাকলি স্কুলে পড়াশোনা করেন। পরবর্তীতে বিশ্ব ভারতী থেকে কম্পিউটার ইঞ্জিনিয়ারং এবং এলাহাবাদ থেকে এমটেক পাশ করে দেশের বিভিন্ন জায়গার পাশাপাশি বিদেশেও কাজ করেছেন তিনি। এদিন টেলিফোনে অভিষেক জানান, আমি এই পুরস্কার পেয়ে অনেক সম্মানিত বোধ করছি।

আইসিএআর-এর সিনিয়র রিসার্চ ফেলোশিপে প্রথম আদৃতা

কোচবিহার: চেষ্টা এবং জেদ থাকলে সব অসম্ভবই সম্ভব হয়ে ওঠে। আর তারই প্রমাণ দিলেন কোচবিহারের ব্যাংচাতরা রোডের শ্যামাপ্রসাদ কলোনির আদৃতা দাম। ছোটবেলা থেকেই মেধাবী আদৃতা এবার আইসিএআর-এর সিনিয়র রিসার্চ ফেলোশিপ(এসআরএফ)পরীক্ষায় এগ্রিকালচার ইকনমিক্সে শীর্ষস্থান অধিকার করেছে। কোচবিহারের মেয়ের এই সাফল্যে তাই স্বাভাবিক ভাবেই জেলা জুড়ে বইছে খুশির হাওয়া।

কোচবিহারের সুনিতি অ্যাকাডেমি থেকে ৯০ শতাংশ নম্বর নিয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করার পর উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাঝিয়ানের ক্যাম্পাস থেকে এগ্রিকালচার নিয়ে পাশ করে কল্যাণীর বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক স্তরে দ্বিতীয় স্থান অর্জন করলেও সর্বোচ্চ নম্বর নিয়ে স্নাতকোত্তর পাশ করেন আদৃতা। এরপর ফেলোশিপ নিয়ে এবার তাঁর গন্তব্য দেশের সেরা প্রতিষ্ঠান দিল্লির ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচার রিসার্চ।

আদৃতার সঙ্গে কথা বলে জানা গেল, গত সেপ্টেম্বরে এসআরএফ-এর পরীক্ষা হয়েছিল। ২০ অক্টোবর ফল প্রকাশের পর সম্প্রতি রাংক কার্ড প্রকাশিত হয়। এদিন কোচবিহারের বাড়িতে বসে আদৃতা জানান, স্কুল-কলেজে কখনও প্রথম হইনি। তবে সর্ব ভারতীয় স্তরে প্রথম হব ভাবিনি। তিনি জানান, আগামীতে দিল্লির ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউটে ভর্তি হয়ে গবেষণার ইচ্ছে রয়েছে তাঁর।

প্রয়াত প্রদীপ নাথ

পার্থ নিয়োগী: ৬ ডিসেম্বর রাতে শিলিগুড়ির এক নার্সিংহোমে প্রয়াত হলেন প্রবীণ তথা তাত্বিক সিপিএম নেতা প্রদীপ নাথ। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৯। কোচবিহার জেনিকিন্স স্কুলের মেধাবী ছাত্র ছিলেন তিনি। ছাত্র অবস্থাতেই তিনি বামপন্থায় আকৃষ্ট হন। মাথাভাঙ্গার প্রবাদপ্রতিম কমিউনিস্ট নেতা রেবতী রমন ভট্টাচার্য, দীনেশ চন্দ্র ডাকুয়ার সংস্পর্শে আসেন তিনি। একটা সময় প্রদীপ বাবু স্কুলের শিক্ষকতার কাজে যোগদান করেন। তবে কমিউনিস্ট রাজনীতির জন্য শিক্ষকতার থেকে ইস্তাফা দেন। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তিনি কোচবিহার জেলার বামপন্থী নেতা হিসেবে রাজবন্দী ছিলেন। একটা সময় কোচবিহার জেলার বাম ছাত্র রাজনীতির প্রধান মুখ ছিলেন তিনি। মানুষের মধ্যে মিশে যাওয়া ও অমায়িক ব্যবহারের জন্য তিনি জনপ্রিয় হয়ে উঠেছিলেন সবার কাছে। একটা সময় তিনি সিপিএমের রাজ্য কমিটির সদস্য ছিলেন। এর পাশাপাশি তিনি কোচবিহার জেলা সিপিএমের সম্পাদকমন্ডলীর সদস্য ছিলেন। আমৃত্যু তিনি সিপিএমের কোচবিহার জেলা কমিটির সদস্য ছিলেন। তার প্রয়াণে শোক প্রকাশ করেছেন সিপিএমের বর্তমান জেলা সম্পাদক অনন্ত রায়। কোচবিহারের বিভিন্ন রাজনৈতিক দলের তরফেও প্রদীপ বাবুর প্রয়াণে শোকপ্রকাশ করা হয়েছে। শিলিগুড়ি থেকে তার মৃতদেহ মাথাভাঙ্গার ৫ নম্বর ওয়ার্ডে তার নিজ বাসভবনে নিয়ে আসা হয়। সেখান থেকে তার মরদেহ মাথাভাঙ্গার সিপিএমের দলীয় কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। সেখানে দলীয় কর্মী নেতারা তাকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। এরপর মাথাভাঙা শ্মশানে তার শেষকৃত্য সম্পন্ন হয়।

সাড়ম্বরে পালিত হলো মহারাজা জগদ্দীপেন্দ্র নারায়ণ ভূপবাহাদুরের ১০৮তম জন্মদিবস

পার্থ নিয়োগী: গত ১৫ ডিসেম্বর কোচবিহার সাগরদিঘী চত্বরে বীর চিলারায়ের মূর্তির সামনে কোচবিহারের মহারাজা জগদীপেন্দ্র নারায়ণ ভূপ বাহাদুরের ১০৮তম জন্মদিবস পালন করলো, দি কোচবিহার রয়্যাল ফ্যামিলি সাকসেসর্স ওয়েলফেয়ার ট্রাস্ট। এদিন ট্রাস্টের তরফে মহারাজার মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হয়। করা হয় মহারাজার জীবনের স্মৃতিচারণ। উপস্থিত ছিলেন দি কোচবিহার রয়েল ফ্যামিলি সাকসেসরস ওয়েলফেয়ার ট্রাস্ট্রের সভাপতি কুমার জিতেন্দ্র নারায়ণ, সম্পাদক কুমার বিরাজেন্দ্র নারায়ণ, মুখপাত্র কুমার মৃদুল নারায়ন। মহারাজাকে শ্রদ্ধা জানাতে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদের সভাপতি তথা কোচবিহার পুরসভার পৌরপতি রবীন্দ্রনাথ ঘোষ, বিশিষ্ট আইনজীবী শিবেন্দ্র নাথ রায়, আইনজীবী আনন্দজ্যোতি মজুমদার, কবি সুবীর সরকার প্রমুখ ব্যক্তিবর্গ।

সারদা মায়ের জন্মতিথিতে ভক্ত ও দর্শনার্থীদের ঢল বেলুড় মঠে

কলকাতা: ২৯ অগ্রহায়ণ, বৃহস্পতিবার শ্রীশ্রীসারদা মায়ের ১৭০তম জন্মতিথি উপলক্ষে ভক্ত ও দর্শনার্থীদের ঢল নেমেছে বেলুড় মঠে। ভক্ত ও দর্শনার্থীরা শ্রীশ্রীঠাকুর রামকৃষ্ণ মন্দির, মায়ের মন্দির, ব্রহ্মানন্দ মন্দির ও স্বামীজীর মন্দিরে দর্শন ও প্রণাম নিবেদন করছেন। সারদা মায়ের জন্মতিথি উপলক্ষে এদিন বিভিন্ন অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে। মায়ের ১৭০তম জন্মতিথি উপলক্ষে প্রতি বছরের মতো এ বছরেও নিষ্ঠার সঙ্গে মায়ের পুজো হয়। ভোরে শ্রীশ্রীমায়ের মন্দিরে মঙ্গলারতি দিয়ে এদিনের অনুষ্ঠানের সূচনা হয়। এরপর বেদপাঠ, স্তবগান, ভজন, বিশেষ পূজো, হোম ভজনের আয়োজন করা হয়েছে শ্রীশ্রীমায়ের মন্দিরে। এছাড়াও সভামন্ডপে মাতৃসঙ্গীত, শ্রীশ্রীমায়ের কথা পাঠ, ভক্তিগীতি, কথানাট্য, শ্যামা-সঙ্গীত, পদাবলী কীর্তন, ধর্মসভার আয়োজন করা হয়েছে। ভক্তদের প্রসাদ বিতরণ করা হবে। বিকেল তিনটেয় শ্রীশ্রীমায়ের জীবন ও বাণী সম্পর্কিত ধর্মসভা, এরপর সন্ধ্যায় ঠাকুরের আরাত্রিক, মায়ের আরাত্রিক, সান্ধ্য ভজন হয়ে কার্যক্রম শেষ হবে।

জমির প্রতারনা মামলায় ধৃত ভূমি দপ্তরের মুহুরি

উত্তর দিনাজপুর: জমির প্রতারনা মামলায় ধৃত ভূমি দপ্তরের মুহুরি। জমির রেকর্ড সংক্রান্ত প্রতারনা মামলায়

গ্রেফতার করা হলো ভূমি দপ্তরের এক মুহুরিকে। ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুরের হেমতাবাদে।

পুলিশ সূত্রের খবর, ধৃতের নাম নুর সালাম (৫০)। বাড়ি হেমতাবাদ থানার ভাতসিয়া গ্রামে। তার বিরুদ্ধে জমির রেকর্ড নিয়ে প্রতারনার অভিযোগ দায়ের হয়েছিল। সেই অনুযায়ী বুধবার রাতে তাকে গ্রেফতার করে পুলিশ। বৃহস্পতিবার তাকে রায়গঞ্জ জেলা আদালতে পেশ করা হয়।

পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে জেলা তৃণমূল কংগ্রেসের বৈঠক

কোচবিহার: পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে জেলার বর্ষিয়ান নেতাদের সঙ্গে বৈঠক করলেন কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অভিজিৎ দে ভৌমিক। আজ তৃণমূল কংগ্রেসের জেলা দলীয় কার্যালয়ের এই বৈঠকে উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সহ-সভাপতি রবীন্দ্রনাথ ঘোষ, উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ, মেখলিগঞ্জের বিধায়ক পরেশ চন্দ্র অধিকারী সহ জেলার বিভিন্ন তৃণমূল কংগ্রেসের নেতৃত্বরা। আসন্ন পঞ্চায়েত নির্বাচনের দলীয় রণনীতিও ঠিক

করা হয় এই বৈঠকের মাধ্যমে। প্রত্যেকটি ব্লক ধরে বিস্তারিত আলোচনা হয় এই বৈঠকে। আগামী পঞ্চায়েত নির্বাচনে দল কিভাবে কাজ করবে সে বিষয়ে আলোচনা হয় এদিন।

আবাস যোজনার সার্ভে করতে গিয়ে হেনস্থার মুখে আশা কর্মীরা

শিলিগুড়ি: প্রধানমন্ত্রী আবাস যোজনায় বাড়ি বাড়ি গিয়ে সার্ভে করছে কর্মরত আশা কর্মীরা এবং আইসিডিএস কর্মীরা। কিন্তু অভিযোগ, এই সার্ভে করতে গিয়ে তাদের ওপর নানা ভাবে মানসিক এবং শারীরিক নির্যাতন হচ্ছে। এমনই অভিযোগ তুলে এবং এর প্রতিবাদে শিলিগুড়িতে একটি প্রতিবাদ মিছিল করলো পশ্চিমবঙ্গ আশা কর্মী ইউনিয়ন। মঙ্গলবার শিলিগুড়ির বাঘাযতীন পার্কের সামনে থেকে এই প্রতিবাদ মিছিল শুরু হয় এবং শিলিগুড়ি মহাকুমার শাসকের দপ্তরে গিয়ে শেষ হয়। সেখানে গিয়ে দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখায় আশা কর্মীরা। পরবর্তীতে তাদের প্রতিনিধির একটি দল মহকুমা শাসকের দপ্তরে গিয়ে স্মারকলিপি দেয়। তাদের দাবি মানা না হলে আগামীদিনে আরও বৃহত্তর আন্দোলনে নামার হুমকি দেয় সংগঠনের সম্পাদক জয় লোধ।

আচমকাই অবাক দৃশ্য বাংলার আকাশে

নিউজ ডেস্ক: বাংলার আকাশে আচমকাই এক অবাক দৃশ্য দেখা গেলো। আচমকাই বঙ্গের আকাশে দেখা গিয়েছে এক রহস্যময় আলো! বাংলার একাধিক জেলার পথ চলতি সাধারণ মানুষ আকাশে এমন আলো দেখতে পেয়েছেন বলে খবর। এমনিতেই এখন শীতের সময়। খুব তাড়াতাড়ি বিকেল গড়িয়ে সন্ধ্যে নেমে যায়, চারিদিক অন্ধকার হয়ে পড়ে। এদিন সন্ধ্যের সময়তেই আকাশে এই আলো দেখতে পান বিভিন্ন জেলার বাসিন্দারা। যদিও কথা থেকে এই আলো এল তা স্পষ্ট নয় এবং কেউই আপাতত কোনও ব্যাখ্যা দিতে পারছে না।

তবে প্রত্যক্ষদর্শীরা যেমন জানাচ্ছেন তাতে অনেকের ধারণা কোনও বিমানে আগুল লেগে থাকতে পারে। তারই হয়তো শিখা কোথাও থেকে বেরচ্ছে এবং আকাশে এমন রহস্য তৈরি করেছে। যারা এই আলো প্রত্যক্ষ করেছেন তাদের বক্তব্য, আলোর তীব্রতা ছিল অত্যন্ত বেশি এবং তার ওপরের দিকে মুখ ছিল। দেখতে অনেকটা টর্চ লাইটের মতো লাগছিল। যদিও বিমানে আগুন লাগার বিষয়টি অনেক বিশ্লেষক মানতে চাইছেন না। কারণ সেই আগুনের শিখা এমন ওপরের দিকে থাকবে না। এদিকে অনেকে আবার ভাবছেন এটি উল্কাপাত। কিন্তু সেক্ষেত্রেও আগুনের 'লেজ' থাকবে। এমন ওপরের দিকে লাইটের মতো ছবি দেখা যাবে না। তাহলে এই আলোর উৎস কী? ব্যতিক্রমী চিন্তা করে কেউ আবার 'এলিয়েন' বা 'ইউএফও' তথ্যও সামনে আনছেন। কিন্তু এখনও পর্যন্ত এই আলো সম্পর্কে সঠিক কোনও ব্যাখ্যাই মেলেনি।

তুফানগঞ্জ কলেজের এক ছাত্রের বাড়িতে বোমাবাজির অভিযোগ দুষ্কৃতীদের বিরুদ্ধে

কোচবিহার: তুফানগঞ্জ এক নম্বর ব্লকের আন্দোরন ফুলবাড়ী গ্রাম পঞ্চায়েতের কালিবাড়ি এলাকায় তুফানগঞ্জ কলেজের এক ছাত্রের বাড়িতে ভাঙচুর ও বোমাবাজির অভিযোগ উঠলো দুষ্কৃতীদের বিরুদ্ধে। ঘটনাস্থল থেকে একটি তাজা বোমা উদ্ধার করেছে পুলিশ। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার গভীর রাতে। ছাত্রের নাম বিক্রম দাস তুফানগঞ্জ কলেজের তৃতীয় বর্ষের ছাত্র। ঘটনার খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে ছুটে আসে তুফানগঞ্জ থানার পুলিশ। পুলিশ রাতেই ঘটনাস্থল থেকে একটি তাজা বোমা উদ্ধার করে নিয়ে যায়। সমস্ত ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ওই ছাত্রের অভিযোগ এর আগেও তাকে কলেজে বিভিন্নভাবে হুমকি দেওয়া হয়েছে। গতকাল রাতে সে বাড়িতে ছিল না সেই সময় হঠাৎই কিছু দুষ্কৃতী এসে তার বাড়িতে ভাঙচুর চালায় ও বোমাবাজি করে।

বাবুরহাট গুলি চালনার কান্ডে গ্রেফতার ৩

নিজস্ব সংবাদদাতা: ১৪ ই ডিসেম্বর রাত সাড়ে নয়টায় কোচবিহার শহর সংলগ্ন বাবুরহাটে দুষ্কৃতীর ছোড়াগুলি কাণ্ডে কোচবিহার কোতোয়ালি থানার পুলিশ মূল অভিযুক্ত সহ তিনজনকে গ্রেপ্তার করল। ১৪ তারিখ রাতে দুষ্কৃতীদের ছড়া গুলিতে দুজন ব্যক্তি আহত হন। এই ঘটনার পরই কোচবিহার জেলা পুলিশের পক্ষ থেকে দ্রুত পদক্ষেপ নেওয়া হয়। ডিএসপি হেডকোয়ার্টার চন্দন দাস ও কোচবিহার কোতোয়ালি থানার আইসি অমিতাভ দাসের যৌথ উদ্যোগে কোতোয়ালি থানার স্পেশাল টিম কয়েকটি ভাগে বিভক্ত হয়ে অপরাধীদের ধরবার কাজে নামে এবং তাতে সাফল্যও আসে ১৬ ডিসেম্বর এক সাংবাদিক সম্মেলনে কোচবিহার জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার কুমার সানি রাজ জানালেন এই গুলির চালনার ঘটনায় মোট তিনজনকে পুলিশ গ্রেফতার করে এরা হলেন বাবুরহাট এলাকার সম্রাট আচার্য যিনি কিনা গুলি চালিয়েছিলেন তার সহযোগী হিসেবে থাকা সাহেব কলোনির বিপ্রজিৎ মজুমদার ও পুন্ডিবাড়ির অভিজিৎ মজুমদার কে পুলিশ গ্রেপ্তার করে।অতিরিক্ত পুলিশ সুপার জানান গুলি চালান সম্রাট আচার্য যিনি বান্টি নামে পরিচিত। এর আগেও অনেক অপরাধের যুক্ত এই সম্রাট আচার্য। সেদিন তাদের গ্রেপ্তারের সময় পুলিশ দুটো পিস্তল ও পাঁচ রাউন্ড গুলি সেই সাথে মোটরবাইক ও দুটি মোবাইল ফোন বাজেয়াপ্ত করে অপরাধীদের কাছ থেকে। ডিএসপি হেডকোয়ার্টার ও কোতোয়ালি থানার আইসির নেতৃত্বে সাহসী পদক্ষেপ এর জন্য তাদের ভূয়সী প্রশংসা করেন অতিরিক্ত পুলিশ সুপার এদিন।

সম্পাদকীয়

বিশ্বকাপে ফুটবলে ভারত, আর কত অপেক্ষা ?

হালকা ঠান্ডার মধ্যেই লক্ষ করা যাচ্ছে বিশ্বকাপ ফুটবলের উষ্ণতা। চারবছর পরপর সারা বিশ্বের সাথে বিশ্বকাপ ফুটবলের জ্বরে আক্রান্ত হই আমরাও। আর্জেন্টিনা না ব্রাজিল ? এই দুইভাগে আমরা ভাগ হয়ে যাই এইসময়।চলে তর্ক বিতর্ক এবং অতি অবশ্যই রাত জেগে খেলা দেখা। খেলার সরঞ্জামের দোকানে বিকোয় প্রিয় দলের জার্সি। যদিও ব্রাজিল আর আর্জেন্টিনার জার্সির ধারে কাছে নেই কোন দেশের জার্সি। সেই কবে পেলে আর মারাদোনার নামে ফুটবলের দুই মহামানব আমাদের মধ্যে ফাটল সৃষ্টি করেছিল। যা চলছে আজও। তাইতো এই সময়টা টিভির দামে ছার দিয়ে কোম্পানিগুলো নামে লাভের খেলায়। তবে এরই মাঝে কোথাও আক্ষেপ থাকে আমাদের মনে। কবে খেলব আমরা বিশ্বকাপ ফুটবল ? এই প্রশ্নটা ১২০ কোটি ভারতীয়র আকুতি হলেও তা বোঝেনা ভারতীয় ফুটবলের কর্তারা। নইলে আই লিগ থেকে আইএসএল এর মত কর্পোরেট লিগ এল। তবুও বিশ্বকাপ খেলার স্বপ্নের বাস্তবায়ন আজও হোলনা আমাদের। আসলে ব্যস্ত রাজনৈতিক নেতারা যদি সর্বভারতীয় ফুটবল সংস্থার শীর্ষপদে থেকে দায়সারা কাজ করে তবে ভারতীয় ফুটবলের এই দৈন্যতার ছবি চলতেই থাকবে। বিশেষ করে প্রফুল্ল প্যাটেলের জামানায় চাকচিক্যে ভারতীয় ফুটবলের উন্নতি হলেও বাস্তবে থমকে গিয়েছিল ভারতীয় ফুটবলের অগ্রগতি। অথচ যে জাপান কে এক সময় তিন,চার গোলে পরাজিত করত ভারত। তারা জেলিগ চালু করে আজ ফুটবল বিশ্বের প্রথম সারিতে অবস্থান করছে। অবাক লাগে ফুটবলের উন্নতির নামে প্রফুল্ল প্যাটেলরা এক কর্পোরেট সংস্থার হাতে তুলে দিয়ে সেই লিগকে দেন ভারতের এক নম্বর লিগের মর্যাদা। ক্লাব নয় , কোম্পানী হয়ে হয়ে খেলতে হয় এলিগ। আর অংশ গ্রহনের জন্য দিতে হয় আয়োজক সংস্থাকে দিতে হয় মোটা অংকের টাকা।সবচেয়ে আর্শ্চয লাগে যে এই লিগে কোন অবনমন নেই। ফলে নেমে যাবার আশংক না থাকায় দলগুলির মধ্যে গাছাড়া ভাব আসছে। একসময়ের অলিম্পিকের চতুর্থ হওয়া এবং এশিয়ার চ্যাম্পিয়ন দল হলেও আজ বাংলাদেশ,নেপালের মত দলগুলি বুরুদ্ধে জিততে ঘাম ছুটে যায় আমাদের। ফুটবল উন্নতিতে আমাদের দেশের মন্ত্রী রাজনৈতিক নেতারা দিয়ে যান কেবলই মৌখিক প্রতিশ্রুতি। নইলে প্রধানমন্ত্রী থাকার সময় ব্রাজিলে গিয়ে মনমোহন সিং উচু গলায় বলেছিলেন 'ব্রাজিল আমাদের ফুটবলের উন্নতিতে সাহায্য করবে। সে ব্যাপারে তিনি কথা বলেছেন'। এরপর এক দশক পার হয়ে গেলেও আজও ব্রাজিল আমাদের ফুটবলের উন্নতিতে কোন সাহায্য করেনি। আর এভাবেই বিশ্বকাপ ফুটবলে আমাদের খেলার স্বপ্নের অপেক্ষা দীর্ঘায়িত হয়েই চলছে।

টিম পূর্বোত্তর

সম্পাদকীয় উপদেষ্টা	ঃ দেবাশিস ভৌমিক
সম্পাদক	ঃ সন্দীপন পন্ডিত
সহ-সম্পাদক	ঃ চিরন্তন নাহা, বর্ণালী দে, লোপামুদ্রা তালুকদার, দেবাশীষ চক্রবর্তী, পার্থ নিয়োগী
ডিজাইনার	ঃ ভজন সূত্রধর
বিজ্ঞাপন আধিকারিক	ঃ রাকেশ রায়
জনসংযোগ আধিকারিক	ঃ বিমান সরকার

প্রবন্ধ

বড়দিন বড়ই প্রিয়দিন

..... সোমালি বোস

বড়দিন বা ক্রিসমাস একটি সার্বিকভাবে পালিত খৃস্টানদের উৎসব হলেও বর্তমানে জাতি, ধর্ম, দেশ নির্বিশেষে এটি বর্তমানে আন্তর্জাতিক উৎসবেরই রূপ পেয়েছে। ২৫ শে ডিসেম্বর তারিখটি যীশু খৃষ্টের জন্মদিন, আর এইদিনটিকেই বড়দিন বা ক্রিসমাস নামে অভিহিত করা হয়েছে। যদিও আজকাল পুরো ডিসেম্বর মাসই খৃস্টান দেশগুলিতে বড়দিন হিসেবে পালিত হয়ে থাকে। যীশুখৃস্ট এর অমৃতবাণী, "মানুষকে ভালোবাসো। মানুষের সকল অপরাধ ক্ষমা করো। যারা তোমাদের শত্রু তাদেরকেও ভালোবাসো। মানুষকে ভালোবাসলে ঈশ্বর তোমাদের ভালোবাসবেন"- তাঁর প্রতি আকৃষ্ট করে এবং তাঁর জন্মদিনটি সত্যিই বড়ই প্রিয়দিন হয়ে উঠেছে। খৃস্টধর্মের প্রবর্তক হলেন যীশু খৃস্ট। আজ থেকে প্রায় দুইহাজার বছর আগে জেরুজালেমের বেথেলহেম শহরের এক আস্তাবলে এক ইহুদি পরিবারে যীশুর জন্ম হয়। পিতা জোসেফ এবং মাতা হলেন মেরী। ২৫শে ডিসেম্বর এক্সমাস ডে এক আনন্দের দিবস। ওইদিন সকলে গীর্জায় গিয়ে যীশুর বন্দনায় মত্ত হয়ে ওঠেন এবং পাপমুক্ত জীবনের জন্য যীশুখৃষ্টের কাছে প্রার্থনা করেন। গীর্জাগুলি খুব সুন্দরভাবে সাজানো হয়। চারিদিক আলো ঝলমল করে ওঠে । সকলে মোম জ্বালিয়ে যীশুখৃস্ট এর জন্মদিন পালন করেন এবং একে অপরকে সুন্দর সুন্দর উপহার প্রদান করে থাকে। এইদিনের সবচেয়ে আকর্ষণীয় খাবার হলো সুন্দর সুসজ্জিত কেক, যা প্রায় প্রতিঘরেই ওইদিন বানানো বা কেনা হয়ে থাকে আজকাল। ওইদিন চার্চে প্রার্থনার পর সকল শিশুরা চিড়িয়াখানা, মিউজিয়াম দর্শন করে আনন্দ উৎসব দীর্ঘায়িত করে থাকে। নানান ধর্মের মিলনক্ষেত্র হলো আমাদের দেশ ভারতবর্ষ। তাই আমাদের দেশও অতীব সুন্দরভাবে এই খৃস্টমাস ডে বা বড়দিন পালন করে থাকে। ওইদিন সব বিদ্যালয়ে ক্রিসমাসডে উপলক্ষে ছোটো ছোটো বিদ্যার্থীদের নিয়ে শিক্ষক শিক্ষিকারা সান্তাক্লজ সেজে ছাত্রছাত্রীদের নানা উপহার দিয়ে থাকেন। চারিদিক ধ্বনি প্রতিধ্বনিত হতে থাকে জিঙ্গেল বেল , জিঙ্গেল বেল গানে। এ এক অতি সুন্দর মূহুর্ত। যা আমার কাছে অতীব প্রিয় এবং এই মুহূর্ত গুলোও বড়দিনকে বড়োই প্রিয়দিন করে তুলেছে সমাজে। ডিসেম্বর এলেই প্রতিটি শিশু অপেক্ষা করতে থাকে ওই বিশেষ দিনটির। তারা সান্তাক্লজ এর উপহারের জন্য বিনিদ্র রাত্রি যাপন করে। সকাল হতেই ছুটে যায় চার্চে বড়দিনকে আরও প্রিয়দিন করে তুলতে।

মৃত্যুর পূর্ব মুহূর্তে ভালোবাসা আর ক্ষমার মহান দূত যীশুখৃস্ট ঈশ্বর এর কাছে প্রার্থনা করেছিলেন তার হত্যাকারীদের উদ্দেশ্যে, "হে পিতা তুমি এদের ক্ষমা করো। এরা জানে না ,এরা কি করছে।" সত্যি এ একমাত্র তাঁর মতো মহৎ ব্যক্তির পক্ষেই সম্ভবপর। বড়দিন প্রকৃতপক্ষে বড়োই প্রিয় মানুষটির দিন।

স্বাস্থ্য কথা

হার্ট অ্যাটাক হয়েছে বুঝবেন কিভাবে ?

ডাঃ অজয় মন্ডল

যখন হৃদপিণ্ড বেষ্টনকারী কোনো ধমনীতে রক্ত জমাট বাঁধে তখন হৃদপিণ্ডে রক্ত প্রবাহে বাঁধার সৃষ্টি হয় তখনই হার্ট অ্যাটাক হয়। বয়স, উচ্চ রক্তচাপের সমস্যা, উচ্চ কোলেস্টেরল প্রধানত উচ্চ ট্রাইগ্লিসারাইড, অতিরিক্ত ধুমপান, অতিরিক্ত মেদ, অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, মদ্যপান, মানসিক চাপ— এগুলি মূলত হার্ট অ্যাটাকের মূল কারন হিসাবে ধরা হয়। অনেক সময় হার্ট অ্যাটাক হলেও রোগী বুঝতে পারে না। যেমন সুগার থাকলে হার্ট অ্যাটাকে বুকে ব্যাথা হয় না। সমস্যা হল কখনও কখনও বুকে ব্যথা ছাড়াই হার্ট অ্যাটাক হতে পারে, ফলে হার্ট অ্যাটাক হয়েছে কিনা তা খুব ভাল করে বোঝা যায় না। তাই বুকে ব্যথা ছাড়াও হার্ট অ্যাটাকের আরো অনেক লক্ষণ আছে সেগুলি সম্বন্ধেও আপনাদের জানা জরুরী কারন হার্ট অ্যাটাক হওয়ার পর সঠিক সময়ে চিকিৎসা করাটা খুব জরুরী না হলে রোগীর জীবনহানি ও ঘটতে পারে। তাই জেনে নেওয়া যাক হার্ট অ্যাটাকের প্রধান লক্ষণগুলি কি কি?

1. বুকে ব্যথা: সাধারণত বুকের মাঝখানে প্রচণ্ড চাপ চাপ ব্যথা অনুভূত হয়। মনে হয় বুকের মাঝে ভারী কোনো জিনিস চেপে বসে আছে। আস্তে আস্তে সেই ব্যথা চোয়ালে, পিঠে অথবা বাম কাঁধ ও বাম হাতে ছড়িয়ে পড়ে। বাম হাত চোয়াল অবশ হতে পারে। বিশ্রাম নিলেও ব্যথা না কমা। অনেক সময় বুকে অস্বস্তির সঙ্গে সঙ্গে শ্বাস ছোট হয়। এগুলি হার্ট অ্যাটাকের অন্যতম লক্ষণ ।

2. শ্বাসকষ্ট ও দম বন্ধ হয়ে যাওয়া : যদি আপনার শ্বাসকষ্ট বা অন্য কোনও সমস্যা না থাকে এবং হঠাৎ করে বুকে ব্যথা সাথে দম নিতে অসুবিধা ও দমবন্ধ ভাব অনুভূত হয় , তবে সেটা খারাপ লক্ষণ। অল্পতেই দম ফুরিয়ে যাওয়া, মুখ দিয়ে ঘন ঘন নিঃশ্বাস নেওয়া হার্ট অ্যাটাকের অন্যতম লক্ষণ।

3. অতিরিক্ত ঘাম হওয়া: বুকে ব্যথা সাথে অতিরিক্ত ঘাম হওয়া হার্ট অ্যাটাকের পূর্ব লক্ষণ। পরিশ্রমের মাত্রা বা আবহাওয়ার কারণ ছাড়াই, অনুপাতের বাইরে ঘাম হওয়া। হাঁটার মতো সাধারণ কাজেই দুর্বলতা আসে সাথে ঘাম হতে পারে। ঘাম দিয়েই শরীর ঠান্ডা হয়ে যায়। যখন হার্ট ব্লক হয় তখন রক্ত সঞ্চালনে হৃদপিণ্ডের অনেক বেশি কাজ করতে হয়। এই অতিরিক্ত পরিশ্রমের ফলে ঘামের সৃষ্টি হয় এবং এই ঘাম সাধারণত অনেক ঠাণ্ডা হয়ে থাকে। বিশেষ করে ডায়াবেটিক রোগীদের ক্ষেত্রে বুকে ব্যথা হয় না কিন্তু অতিরিক্ত ঘাম, বুক ধড়ফড় হয় যা হার্ট অ্যাটাকের অন্যতম লক্ষণ।

4. হঠাৎ অজ্ঞান হয়ে পড়ে যাওয়া: যদি বুকে ব্যথা হওয়ার সাথে সাথে হঠাৎ অজ্ঞান হয়ে যান, তা হলে বুঝবেন হার্ট অ্যাটাক হয়েছে।

5. প্রচন্ড ক্লান্তি ভাব ও হাঁফিয়ে যাওয়াঃ অ্যাটাকের পূর্বে প্রচণ্ড ক্লান্তি ভাব আসে কারণ হৃৎপিণ্ডের ধমনীতে ব্লকেজের ফলে হৃৎপিণ্ডের পেশীগুলিতে অক্সিজেনের অভাব হয়, যার ফলে শরীরের অন্যান্য অংশে রক্ত সরবরাহ বাধাগ্রস্ত হয়। তখন শরীরের অন্যান্য অংশের পেশীগুলি অবসন্ন হয়ে পড়ে।

6. বুকে ব্যথা সাথে বমিঃ কিছু ক্ষেত্রে, অনেক কম পরিশ্রমে সৃষ্ট শ্বাসকষ্টের পরে গ্যাস্ট্রোলজিকাল অস্বস্তির লক্ষণ দেখা দেয়, যার ফলে বমি ভাব এবং বমি হয়। বমি হওয়ার পর ও যদি বুকে চাপ চাপ ও অস্বস্তি ভাব না কমে তাহলে বুঝবেন এটা গ্যাসের ব্যথা নয় এটা হার্ট অ্যাটাকের ব্যথা ।

7. পরিশেষে এটাই বলার যদি বুকে ব্যথা হয় নিজে পাকামী করে গ্যাস বলে ঔষধ না খেয়ে সঠিক সময়ে চিকিৎসকের কাছে যান। চিকিৎসকের পরামর্শ মতো চলুন। কারন হার্ট অ্যাটাক হওয়ার পর সঠিক সময়ে চিকিৎসা করাতে পারলে রোগীর জীবনহানির সম্ভাবনা অনেকাংশে কমে যায়। হার্ট অ্যাটাক হওয়ার পর যত দ্রুত সম্ভব যেকোনো হসপিটালের আপদকালীন বিভাগে নিয়ে যাবেন।

বই এর সাথে পথচলা

এসে গেল শীত সাথে কমলালেবু আর অবশ্যই প্রিয় বইমেলা। সামনেই কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি বইমেলার তারপরেই আসছে কলকাতা বইমেলা। কোচবিহার তথা উত্তরবঙ্গের থেকে উঠে আসছেঅনেক নতুন লেখক লেখিকা। সাথে আরও কিছু পরিচিত স্বনামধন্য উত্তরবঙ্গের লেখক লেখিকাদের বই নিয়ে পাঠকদের পরিচিত করতে এগিয়ে এল পূর্বোত্তর। আশাকরি আপনাদের ভালো লাগবে

তপন রায় প্রধান

কর্মজীবনে ছিলেন কলকাতা দূরদর্শনের আধিকারিক। সেইসাথে বাচিক শিল্পী ও ভাওয়াইয়া গানের শিল্পী। একটা সময় করেছেন কমিউনিস্ট রাজনীতি। তারবর্নময় জীবনের কথা নিয়েই তাই এই বই।



সুবীর সরকার

সুবীর সরকার একজন জনপ্রিয় কবি ও গদ্যকার। মিশে যান মাটির প্রান্তিক মানুষের মাঝে। লোকসংগীত লোকসংস্কৃতির প্রতি তার অগাধ ভালোবাসা। তার বই মানেই নতুনত্বের স্বাদ। এবারের বইমেলায় তার নতুন এই বই আসছে পাঠকের সামনে।

কুমার মৃদুল নারায়ণ

কুমার মৃদুল নারায়ণ কোচবিহার রাজ পরিবারের অন্যতম সদস্য। সেই সাথে দি কোচবিহার রয়্যাল ফ্যামিলি সাকসেসার্স ওয়েলফেয়ার ট্রাস্টের মুখপাত্র পদেও আছেন তিনি। পেশায় শিক্ষক কুমার মৃদুল নারায়ন সময় পেলেই ছুটে বেড়ান কুচবিহার রাজবংশের নানা ইতিহাস খোঁজার কাজে। এইভাবে ফিল্ড ওয়ার্ক এর মাধ্যমে অনেক পরিশ্রমে তিনি রচনা করেছেন কুচবিহার রাজবংশের ওপর গবেষণাধর্মী এই বইটি প্রকাশক হিসেবে আছেন কুচবিহার রাজ পরিবারের সাবেক সদস্য বিশিষ্ট আইনজীবী কুমার ধীরাজ নারায়ণ।



স্মৃতিপথে হাঁটলো ইন্দ্রজিতের বাঁশি দশম বাংলাদেশ বইমেলায়

রবিবার ৪ ডিসেম্বর কলেজ স্ট্রিটের আপামর বাঙালির প্রিয় জায়গা কলেজ স্কোয়ারে আয়োজিত দশম বাংলাদেশ বইমেলার তৃতীয় দিনে সাংস্কৃতিক সন্ধ্যায় হাজির ছিলেন কলকাতার বিশিষ্ট বাঁশিবাদক শ্রী ইন্দ্রজিৎ বসু। সাথে তরুণ এবং সম্ভাবনাময় তবলাবাদক শ্রী নীলিমেশ চক্রবর্তী। অনুষ্ঠানমঞ্চে কবিতাপাঠ ও লোকগানের পাশাপাশি ইন্দ্রজিতের বাঁশি ও সাথে নীলিমেশের সঙ্গত মন জয় করে উপস্থিত সকলের।

বাঁশিতে অপরাহ্নকালের রাগ পটদীপকে বেছে নেয় ইন্দ্রজিৎ। নয় মাত্রার মধ্যলয় মত্ততাল এবং দ্রুত তিনতাল-এ পরিবেশিত রাগ পটদীপ যেন উপস্থিত অনেককেই স্মৃতিমেদুর করে তুলেছিল। অনুষ্ঠানের শুরুতে হিন্দু স্কুল, গোয়েঙ্কা কলেজ আর বইপাড়াতে জীবনের বেশ কয়েকটা বছর কাটানোর মধুর স্মৃতির কথা স্বভাবতই চলে এসেছিল তার নিজের ক্ষুদ্র আলাপে। অনুষ্ঠান শেষ হয় "বাজে মুরালিয়া" ভজনটি

দিয়ে। বইমেলার মঞ্চে বাঁশি বাজিয়ে সকলের মন ভালো করে দিলেন ইন্দ্রজিত বসু বাঁশিওয়ালা দক্ষ পুলিশ অধিকর্তা।

নন্দনে উত্তরণের পথে বিক্রমের গান

পার্থ নিয়োগী: কোচবিহারের ছেলে বিক্রম শীল এখন তার গানের জন্য আজ এক চেনা মুখ। রাসমেলা থেকে শুরু করে বিগ বাজেটের পুজোর থিম সং গাওয়ার সুবাদে তার জনপ্রিয়তার গ্রাফও আজ উর্দ্ধমুখী। বিভিন্ন শর্ট ফ্লিমে সঙ্গীত পরিচালকের দায়িত্বও সামলেছে সে। এবার বিক্রমের সাফল্যের মুকুটে জুটল আরেকটি পালক। গত ২৯ ডিসেম্বর কলকাতার নন্দনে অনুষ্ঠিত হয় সুতানুটি ফ্লিম ফেস্টিভাল। এই ফেস্টিভালে দেখান হয় স্বল্প দৈর্ঘ্যের সিনেমা 'উত্তরণের পথে'। এই সিনেমাটিতে বিক্রমের লেখা ও সুরকরা দুটি গান আছে। এরমধ্যে একটি গান নিজেই গেয়েছে বিক্রম। কোচবিহারের মানুষ

